বেড়ায় অজ্ঞাত পরিচয় এক ব্যাক্তির লাশ উদ্ধার

বেড়ায় অজ্ঞাত এক ব্যাক্তির
লাশ উদ্ধার

বেড়া প্রতিনিধি: বেড়া উপজেলার হুরাসাগর নদীতে ভাসমান অবস্থায় অজ্ঞাত এক ব্যাক্তির লাশ উদ্ধার করেছে বেড়া মডেল থানা পুলিশ।

শনিবার (১১জুন) সকালে বেড়া উপজেলার ডাকবাংলা সম্ভুপুর ঘাট এলাকার হুরাসাগর নদীতে একটি লাশ ভাসতে দেখে এলাকাবাসী বেড়া থানায় খবর দেয়।

খবর পেয়ে থানা পুলিশ সকাল ১০টার দিকে হুরাসাগর নদীর উক্ত স্থান থেকে ভাসমান অবস্থায় অজ্ঞাত ব্যক্তির লাশ উদ্ধার করে থানায় নিয়ে যায়। পরে মরদেহ ময়না তদন্তের জন্য পাবনা মর্গে পাঠানো হয়েছে।

এব্যাপরে বেড়া মডেল থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফিরোজ আহম্মেদ জানান, প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে মৃত ব্যাক্তিকে কে বা কারা হত্যা করে নদীতে ফেলে দিয়েছে। তবে ময়না তদন্তের পর আসল ঘটনা জানা যাবে বলে জানান ওসি। এ রিপোর্ট লেখা পর্যন্ত লাশের পরিচয় পাওয়া যাইনি।